Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

০১ কার্তিক ১৪৩১

DU in Media

17 October 2024

# আলোকিত বাংলাদেশ

**১৭ অক্টোবর ২০২৪**

## চবি উপাচার্যের সাথে ঢাবি উপাচার্যের সৌজন্য সাক্ষাৎ



● চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্ইয়া আখতার এর সাথে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমেদ খান গতকাল বুধবার দুপুরে উপাচার্যের অফিস কক্ষে সৌজন্য সাক্ষাৎ করেন। এ সময় চবি মাননীয় উপ-উপাচার্য (একাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান, উপ-উপাচার্য (প্রশাসন) প্রফেসর ড. মো. কামাল উদ্দিন, চবি রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান হলের প্রভোস্ট এ. জি. এম. নিয়াজ উদ্দিন, বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর ড. মো. আকতার হোসেন, চবি প্রক্টর প্রফেসর ড. মোহাম্মদ তানভীর হায়দার আরিফ ও কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. আমির মুহাম্মদ নসরুল্লাহ উপস্থিত ছিলেন। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. নিয়াজ আহমেদ খানকে প্রাকৃতিক সৌন্দর্যের লীলাভূমি পাহাড় ঘেরা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সবুজ ক্যাম্পাসে স্বাগত জানান।

তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ সম্পর্কে ঢাবি উপাচার্যকে অবহিত করেন। ঢাবি উপাচার্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সুষ্ঠু ও শান্তিপূণ একাডেমিক পরিবেশ সর্ম্পকে জেনে অত্যন্ত আনন্দিত হন এবং সন্তোষ প্রকাশ করেন। উপাচার্য চবি উপাচার্যকে ঢাবি'র একাডেমিক কার্যক্রম এবং ক্যাম্পাস পরিদর্শনের আমন্ত্রণ জানান।

ঢাবি'র উপাচার্য নবনিযুক্ত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহ্ইয়া আখতার এর নের্তৃত্বে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা আসবে মর্মে প্রত্যাশা ব্যক্ত করেন। সাক্ষাৎ শেষে ঢাবি উপাচার্যকে চবি উপাচার্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মনোগ্রাম খচিত ক্রেস্ট উপহার দেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



# নয়া দিগন্ত

১৭ অক্টোবর ২০২৪

## চবি ভিসির সাথে ঢাবি ভিসির সৌজন্য সাক্ষাৎ

● চট্টগ্রাম ব্যুরো

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (চবি) ভিসি প্রফেসর ড. নিয়াজ আহমেদ খান গতকাল বুধবার দুপুরে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের (চবি) ভিসি প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহইয়া আখতারের সাথে সৌজন্য সাক্ষাৎ করেছেন। চবি ভিসির কার্যালয়ে এ সাক্ষাৎকালে চবির প্রোভিসি (অ্যাকাডেমিক) প্রফেসর ড. মোহাম্মদ শামীম উদ্দিন খান, প্রোভিসি (প্রশাসন) প্রফেসর ড. মোঃ কামাল উদ্দিন, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. মোহাম্মদ সাইফুল ইসলাম, অতীশ দীপঙ্কর শ্রীজ্ঞান হলের প্রভোস্ট এ জি এম নিয়াজ উদ্দিন, বনবিদ্যা ও পরিবেশ বিজ্ঞান ইনস্টিটিউটের পরিচালক প্রফেসর ড. মোঃ আকতার হোসেন, প্রক্টর প্রফেসর ড. মোহাম্মদ তানভীর হায়দার আরিফ ও কলেজ পরিদর্শক (ভারপ্রাপ্ত) প্রফেসর ড. আমির মুহাম্মদ নসরুল্লাহ উপস্থিত ছিলেন।

এ সময় চবি ভিসি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে শিক্ষার সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশ সম্পর্কে ঢাবি ভিসিকে অবহিত করেন। ঢাবি ভিসি চবির সুষ্ঠু ও শান্তিপূণ অ্যাকাডেমিক পরিবেশ সর্ম্পকে জেনে অত্যন্ত আনন্দিত হন এবং সন্তোষ প্রকাশ করেন। তিনি চবি ভিসিকে ঢাবির অ্যাকাডেমিক কার্যক্রম এবং ক্যাম্পাস পরিদর্শনেরও আমন্ত্রণ জানান। ভিসি প্রফেসর ড. মুহাম্মদ ইয়াহইয়া আখতারের নেতৃত্বে চবির অ্যাকাডেমিক ও প্রশাসনিক কার্যক্রমে গতিশীলতা আসবে বলে আশাবাদ ব্যক্ত করেন ঢাবি ভিসি। পরে ঢাবি ভিসিকে চবির মনোগ্রাম খচিত ক্রেস্ট উপহার দেন ভিসি ড. মুহাম্মদ ইয়াহইয়া আখতার।

**ঢাবিতে তরুণ বিপ-বীদের আঁকা গ্রাফিতি পরিদর্শন :** প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন করেছেন এবং সেখানে তিনি জুলাই ও আগস্ট মাসে ছাত্র নেতৃত্বাধীন গণ-অভ্যুত্থানের সময় তরুণ বিপ-বীদের আঁকা বর্ণিল ও বিচিত্র গ্রাফিতি ঘুরে দেখেন। এ সময় আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল, যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভুঁইয়া এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলমসহ অন্যরা উপস্থিত ছিলেন।

উলে-খ্য, ড. ইউনূস অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে শপথ নেয়ার পরপরই জুলাই-আগস্ট মাসে ছাত্রদের নেতৃত্বে বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে ঢাকাসহ দেশের অন্যান্য শহর ও নগরের দেয়ালে তরুণ শিক্ষার্থীদের আঁকা সেরা গ্রাফিতি নিয়ে একটি আর্টবুক প্রকাশের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। সে অনুযায়ী 'দি আর্ট অব ট্রায়াম্ফ' নামে একটি আর্টবুক প্রকাশ করা হয়।

বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে তরুণ চিত্রশিল্পীদের আঁকা- লেখায় ঢাকা সারা বিশ্বের গ্রাফিতি রাজধানী হিসেবে পরিচিতি পায়। দেয়ালগুলো পরিণত হয় প্রতিবাদ-বিক্ষোভের বিশাল ক্যানভাসে। সরকারকে নানা শক্তিশালী বার্তা দিতে তারা বিভিন্ন সৃজনশীল ও হৃদয়গ্রাহী স্লোগান ও কবিতা লিখেছেন। এসব বার্তা যেন বিপ-বের চেতনা ও বৈষম্যহীন বাংলাদেশের আকাঙ্ক্ষার শিল্পীত প্রতিফলন। ছাত্ররা দেশবাসীর সমর্থন আদায়ে শিল্পকর্মের মাধ্যমে মুক্তির বার্তা পৌঁছে দিয়েছিলেন।

Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯



## The Business Post
17 October 2024

# Yunus visits graffitis drawn by revolutionaries at DU

TBP Desk

Chief Adviser Professor Muhammad Yunus on Wednesday visited Dhaka University campus to see the graffitis drawn by young revolutionaries during the student-led mass uprising in July and August, reports BSS.

During the visit, Law Adviser Asif Nazul, Youth and Sports Adviser Asif Mahmud Sojib Bhuiyan and Chief Adviser's Special Assistant Mahfuj Alam accompanied the chief adviser, among others.



## The New Nation
17 October 2024

# CA visits graffiti drawn at DU

City Desk

Chief Adviser Professor Muhammad Yunus visited Dhaka University campus here to see the graffiti drawn by young revolutionaries during the student-led mass uprising in July and August.

During the visit, Law Adviser Prof Dr Asif Nazul, Youth and Sports Adviser Asif Mahmud Sojib Bhuiyan and Chief Adviser's Special Assistant Mahfuj Alam accompanied the Chief Adviser, among others.

## The Business Standard
17 October 2024



Chief Adviser Prof Muhammad Yunus observes a graffiti at the Dhaka University on Wednesday with his entourage. He visited the campus on Wednesday to see some of the graffities drawn by young revolutionaries during the student-led mass uprising in July and August.
PHOTO: CA PRESS WING/CHIEF ADVISER GOB FB PAGE

# ইত্তেফাক

১৭ অক্টোবর ২০২৪



জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের সময় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দেওয়ালে-দেওয়ালে তরুণ বিপ্লবীদের আঁকা বর্ণিল ও বিচিত্র গ্রাফিতি সশরীরে গিয়ে ঘুরে দেখেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস —পিআইডি

## অভ্যুত্থানের সময় ঢাবি ক্যাম্পাসে আঁকা গ্রাফিতি ঘুরে দেখলেন ড. ইউনূস

■ ইত্তেফাক রিপোর্ট

জুলাই-আগস্টে ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের সময় ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে দেওয়ালে-দেওয়ালে তরুণ বিপ্লবীদের আঁকা বর্ণিল ও বিচিত্র গ্রাফিতি সশরীরে গিয়ে ঘুরে দেখলেন অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। গতকাল বুধবার তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শনে যান। আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল, যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া এবং প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম এ সময় উপস্থিত ছিলেন।

'রক্তের বন্যায় ভেসে গেছে অন্যায়', 'ড্রিম ফর দ্য ফিউচার'—লেখা গ্রাফিতিসহ কিছু ছবি নিজের ফেসবুক পেজে পোস্ট করেছেন প্রধান উপদেষ্টার প্রেস সচিব সফিকুল আলম। 'ঢাকাডায়েরি' হ্যাশট্যাগ দিয়ে ফেসবুক পোস্টে তিনি ছবির ক্যাপশনে লিখেছেন, 'প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জুলাই-আগস্টের ছাত্র-অভ্যুত্থানের সময় তরুণ বিপ্লবীদের আঁকা গ্রাফিতি দেখতে বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা পরিদর্শন করেন।'

উল্লেখ্য, জুলাইয়ে শুরু হওয়া ছাত্র-জনতার আন্দোলনের মুখে শেখ হাসিনা সরকারের পতন ঘটে গত ৫ আগস্ট। ৮ আগস্ট অন্তর্বর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার দায়িত্ব নেন ড. ইউনূস। প্রধান উপদেষ্টা হিসেবে দায়িত্ব গ্রহণের পরপরই তিনি জুলাই-আগস্টে ছাত্রদের নেতৃত্বে বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে ঢাকাসহ দেশের অন্যান্য শহর ও নগরের দেওয়ালে তরুণ শিক্ষার্থীদের আঁকা সেরা গ্রাফিতি নিয়ে একটি আর্টবুক প্রকাশের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দেন। এরই মধ্যে 'দি আর্ট অব ট্রায়াম্ফ' নামে একটি আর্টবুক প্রকাশ করা হয়েছে।

বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে তরুণ চিত্রশিল্পীদের আঁকা বিচিত্র সব গ্রাফিতি দেশবাসীর নজর কাড়ে। দেওয়ালগুলো পরিণত হয় প্রতিবাদ-বিক্ষোভের বিশাল ক্যানভাসে। সরকারকে নানা শক্তিশালী বার্তা দিতে তারা বিভিন্ন সৃজনশীল ও হৃদয়গ্রাহী স্লোগান ও কবিতা লিখেছে। এসব বার্তা যেন বিপ্লবের চেতনা ও বৈষম্যহীন বাংলাদেশের আকাঙ্ক্ষার শিল্পিত প্রতিফলন। ছাত্ররা দেশবাসীর সমর্থন আদায়ে শিল্পকর্মের মাধ্যমে মুক্তির বার্তা পৌঁছে দিয়েছিল। ছাত্রদের মনের মাধুরী মিশিয়ে দেওয়ালে-দেওয়ালে ফুটিয়ে তোলা স্বপ্ন-বাসনার এসব নান্দনিক ও নজর-কাড়া চারুকলা গোটা ঢাকা শহরের চেহারা পালটে দেয়। এর মধ্যে অনেক গ্রাফিতি সোশ্যাল মিডিয়ায় ভাইরাল হয়। প্রশংসা কুড়ায় সর্বস্তরের মানুষের।

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বাংলাদেশে আসা বিভিন্ন দেশের প্রতিনিধিদলকে এই আর্টবুক উপহার দিয়েছেন। ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে অনুষ্ঠিত এক বৈঠকে তাদের হাতে এ উপহার তুলে দেন তিনি। সেপ্টেম্বরের শেষ সপ্তাহে জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউ ইয়র্ক সফরের সময়েও ড. ইউনূস কানাডার প্রধানমন্ত্রীসহ বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধানের হাতে 'দি আর্ট অব ট্রায়াম্ফ' নামে আর্টবুকটির কপি তুলে দেন।

গত ১৫ সেপ্টেম্বর প্রধান উপদেষ্টা মার্কিন প্রতিনিধিদলের কাছে গ্রাফিতির ঐতিহাসিক তাৎপর্য তুলে ধরে বলেছিলেন, 'এসব গ্রাফিতিতে স্বৈরাচার শেখ হাসিনার পাশবিক শক্তিকে প্রতিহত করতে নৃশংস এক বাহিনীর মুখোমুখি আন্দোলন-বিক্ষোভে অংশ নেওয়া শিক্ষার্থী ও যুবকদের দাবি-দাওয়া, আবেগ-অনুভূতি, আশা-আকাঙ্ক্ষা চিত্রিত হয়েছে।'

# সমকাল

**১৭ অক্টোবর ২০২৪**




ঢাকা বিশ্ববিদ্যালয়ের জগন্নাথ হল ট্র্যাজেডি দিবস উপলক্ষে বুধবার নিহতদের স্মরণে ফুল দিয়ে শ্রদ্ধা জানায় প্রশাসনসহ বিভিন্ন সংগঠন ● সমকাল

# The Asian Age

**17 October 2024**

## CA visits graffiti drawn by young revolutionaries at DU

AA News Desk

Chief Adviser Professor Muhammad Yunus on Wednesday visited Dhaka University campus to see the graffiti drawn by young revolutionaries during the student-led mass uprising in July and August.

During the visit, Law Adviser Prof Dr Asif Nazul, Information and Broadcasting Adviser Nahid Islam, Youth and Sports Adviser Asif Mahmud Sojib Bhuiyan and Chief Adviser's Special Assistant Mahfuj Alam accompanied the Chief Adviser.

Dhaka became the Graffiti Capital of the world after young painters turned its walls into powerful canvases. They have written different slogans and rhymes to deliver powerful messages, reports BSS.

The messages reflect the spirit of the revolution and the aspirations of the people to build a discrimination-free Bangladesh.

The graffiti depicted emotions, hope and aspirations of the students and youths who participated in the protests against the fascist Sheikh Hasina regime defying brute forces.

The young painters did not have the money to buy paint and brushes to draw graffiti but commoners came forward to support them.



Chief Adviser Professor Muhammad Yunus visits Dhaka University campus on Wednesday to see the graffiti drawn by young revolutionaries d
uprising in July and August.

# প্রথম আলো

১৭ অক্টোবর ২০২৪




প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস দেয়ালে অঙ্কিত গ্রাফিতি পরিদর্শন করেন। গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায়। ছবি : পিআইডি

## তরুণ বিপ্লবীদের আঁকা গ্রাফিতি পরিদর্শন ড. ইউনূসের

ঢাকা বিশ্ববিদ্যালয়

সরকারকে নানা শক্তিশালী বার্তা দিতে শিক্ষার্থীরা বিভিন্ন সৃজনশীল ও হৃদয়গ্রাহী স্লোগান ও কবিতা লিখেছেন।

**বাসস**, *ঢাকা*

প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস পরিদর্শন করেছেন। সেখানে তিনি জুলাই ও আগস্ট মাসে ছাত্র নেতৃত্বাধীন গণ-অভ্যুত্থানের সময় তরুণ বিপ্লবীদের আঁকা বর্ণিল ও বিচিত্র গ্রাফিতি ঘুরে দেখেছেন।

এ সময় আইন উপদেষ্টা অধ্যাপক আসিফ নজরুল, যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলমসহ অন্যরা উপস্থিত ছিলেন।

ড. ইউনূস অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা হিসেবে শপথ নেওয়ার পরপরই জুলাই-আগস্ট মাসে ছাত্রদের নেতৃত্বে বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে ঢাকাসহ দেশের অন্যান্য শহর ও নগরের দেয়ালে তরুণ শিক্ষার্থীদের আঁকা সেরা গ্রাফিতি নিয়ে একটি আর্ট বুক প্রকাশের জন্য সংশ্লিষ্ট ব্যক্তিদের নির্দেশ দেন। সে অনুযায়ী 'দ্য আর্ট অব ট্রায়াম্ফ' নামের একটি আর্ট বুক প্রকাশ করা হয়।

বৈষম্যবিরোধী আন্দোলন চলাকালে তরুণ চিত্রশিল্পীদের আঁকা-লেখায় ঢাকা সারা দুনিয়ার গ্রাফিতি রাজধানী হিসেবে পরিচিতি পায়। দেয়ালগুলো পরিণত হয় প্রতিবাদ-বিক্ষোভের বিশাল ক্যানভাসে। সরকারকে নানা শক্তিশালী বার্তা দিতে তাঁরা বিভিন্ন সৃজনশীল ও হৃদয়গ্রাহী স্লোগান ও কবিতা লিখেছেন। এসব বার্তা যেন বিপ্লবের চেতনা ও বৈষম্যহীন বাংলাদেশের আকাঙ্ক্ষার শিল্পিত প্রতিফলন। ছাত্ররা দেশবাসীর সমর্থন আদায়ে শিল্পকর্মের মাধ্যমে মুক্তির বার্তা পৌঁছে দিয়েছিলেন।

অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস বাংলাদেশে আসা বিভিন্ন দেশের প্রতিনিধিদলকে এই আর্ট বুক উপহার দিয়েছেন। ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মার্কিন প্রতিনিধিদলের সঙ্গে অনুষ্ঠিত এক বৈঠকে তাদের হাতে এ উপহার তুলে দেন তিনি।

এ ছাড়া সেপ্টেম্বরের শেষ সপ্তাহে জাতিসংঘের ৭৯তম সাধারণ অধিবেশনে যোগ দিতে নিউইয়র্ক সফরের সময়ও ড. মুহাম্মদ ইউনূস কানাডার প্রধানমন্ত্রীসহ বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকারপ্রধানদের হাতে দ্য আর্ট অব ট্রায়াম্ফ নামের আর্ট বুকটির কপি তুলে দেন।

গত ১৫ সেপ্টেম্বর প্রধান উপদেষ্টা মার্কিন প্রতিনিধিদলের কাছে গ্রাফিতির ঐতিহাসিক তাৎপর্য তুলে ধরে বলেছিলেন, এসব গ্রাফিতিতে স্বৈরাচার শেখ হাসিনার পাশবিক শক্তিকে প্রতিহত করতে নৃশংস এক বাহিনীর মুখোমুখি আন্দোলন-বিক্ষোভে অংশ নেওয়া শিক্ষার্থী ও যুবকদের দাবিদাওয়া, আবেগ-অনুভূতি, আশা-আকাঙ্ক্ষা চিত্রিত হয়েছে।

মার্কিন প্রতিনিধিদলকে ঢাকার দেয়ালগুলো একবার ঘুরে দেখার অনুরোধ করে অধ্যাপক ইউনূস তখন বলেছিলেন, এসব গ্রাফিতি এখনো রাজধানীর দেয়ালে দেয়ালে শোভা পাচ্ছে। এগুলো শুধু বিপ্লবের পরই নয়, আন্দোলন চলাকালেও শিক্ষার্থীরা সরকারি বাহিনীকে অমান্য করে এসব গ্রাফিতি আঁকেন।

# Dhaka Tribune

**17 October 2024**




*Chief Adviser Dr Muhammad Yunus yesterday visited the Dhaka University area to witness the graffities made by the students in celebration of the toppling of the Awami League regime.*

PHOTOS: PID

# ভোরের কাগজ

১৭ অক্টোবর ২০২৪

## হেঁটেই গ্রাফিতি দেখলেন প্রধান উপদেষ্টা

কাগজ প্রতিবেদক : জুলাই ও আগস্টে ছাত্র নেতৃত্বাধীন গণঅভ্যুত্থানের সময় তরুণ বিপ্লবীদের আঁকা গ্রাফিতি দেখতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা পরিদর্শন করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। গতকাল বুধবার দুপুরে প্রধান উপদেষ্টার ফেসবুক আইডিতে এক পোস্টে বিষয়টি জানানো হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল, যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব, তথ্য ও সম্প্রচার উপদেষ্টা নাহিদ ইসলাম, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম প্রমুখ।

ফেসবুক পেজে বেশ কয়েকটি ছবি শেয়ার করা হয়েছে। সেখানে দেখা যায়, প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা ঘুরে ঘুরে গ্রাফিতি দেখছেন। কিছু কিছু ছবিতে দেখা যায়, তিনি গ্রাফিতি বিষয়ে কথা বলছেন। একটি ছবিতে শেখ হাসিনার একটি কার্টুন। সেখানে লেখা 'নাটক কম করো পিও।' এই গ্রাফিতি দেখে বেশ মজা পান ড. ইউনূস। এ সময় তিনি হাসছিলেন। প্রধান উপদেষ্টার ফেসবুক পেজে শেয়ার করা একাধিক ছবির এই পোস্টের ক্যাপশন ছিল, 'প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস জুলাই ও আগস্টে ছাত্র নেতৃত্বাধীন গণঅভ্যুত্থানের সময় তরুণ বিপ্লবীদের আঁকা গ্রাফিতি দেখতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা পরিদর্শন করেন।'

প্রসঙ্গত, ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে শেখ হাসিনা সরকারের পদত্যাগের পর গত ৮ আগস্ট ড. ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার ক্ষমতায় আসে। দায়িত্ব নেয়ার দুই মাস শেষ হয়েছে এই সরকারের। এর মধ্যে ৬টি সংস্কার কমিশন গঠন করেছে তারা। জাতিসংঘ অধিবেশনে গিয়ে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূস জো বাইডেনসহ বেশ কয়েকজন রাষ্ট্র ও সরকারপ্রধানের সঙ্গে বৈঠক করেছেন। বিদেশি বিনিয়োগ বাড়ানোর মাধ্যমে দেশের অর্থনীতি পুনর্গঠনে আশার আলো দেখাচ্ছেন তিনি।

**প্রধান উপদেষ্টার সঙ্গে ভুটানের রাষ্ট্রদূতের সাক্ষাৎ :** অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড.

➤ এরপর-পৃষ্ঠা ৬ কলাম ৬



প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয়ের দেয়ালে দেয়ালে তরুণ বিপ্লবীদের আঁকা গ্রাফিতি পরিদর্শন করেন –পিআই

## হেঁটেই গ্রাফিতি দেখলেন

● শেষের পাতার পর

মুহাম্মদ ইউনূসের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ভুটানের রাষ্ট্রদূত রিনচেন কুয়েনসিল। গতকাল বুধবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। বৈঠকে দুদেশের মধ্যে বাণিজ্য বাড়ানোর উপায়, বাংলাদেশে ভুটানের জন্য বিশেষ অর্থনৈতিক অঞ্চল, নবায়নযোগ্য জ্বালানি, পারস্পরিক স্বার্থের অন্যান্য ক্ষেত্র ও হিমালয় রাজ্যে বৌদ্ধ ধর্মে বাংলার প্রভাব নিয়ে আলোচনা হয়। প্রধান উপদেষ্টার প্রেস উইং এ তথ্য জানায়। এ সময় প্রধান উপদেষ্টা দুদেশের মধ্যে 'অত্যন্ত বন্ধুত্বপূর্ণ' বাণিজ্য ও অর্থনৈতিক সহযোগিতার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি বলেন, আমরা আমাদের সম্পর্ককে শক্তিশালী হতে দেখতে চাই।

সাক্ষাৎকালে ভুটানের রাষ্ট্রদূত ২০২০ সালে দুদেশের মধ্যে স্বাক্ষরিত অগ্রাধিকারমূলক বাণিজ্য চুক্তির প্রশংসা করে বলেন, বাংলাদেশই একমাত্র দেশ, যার সঙ্গে ভুটানের বাণিজ্য উদ্বৃত্ত রয়েছে। তিনি পিটিএতে আরো পণ্য অন্তর্ভুক্ত করার আহ্বান জানান। কারণ দেশগুলোর মধ্যে বাণিজ্য বাড়ানোর বিশাল সুযোগ রয়েছে। তিনি কুড়িগ্রামে ভুটানের বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার বিষয়ে সমঝোতা স্মারকের প্রশংসা করেন। ভুটান ইতোমধ্যে সমঝোতা স্মারক অনুযায়ী একটি ওয়ার্কিং গ্রুপ গঠন করেছে। তিব্বত, নেপাল ও ভুটানে কীভাবে বাংলাদেশি বৌদ্ধ ভিক্ষু ও পণ্ডিতরা বৌদ্ধ ধর্ম প্রচার করেছেন তারও বর্ণনা করেন রাষ্ট্রদূত। তিনি শান্তরক্ষিতের বিষয়ে কথা বলেছেন। রাষ্ট্রদূত জানান, শান্তরক্ষিত অষ্টম শতাব্দীর একজন সন্ন্যাসী, যিনি ছিলেন অতীশ দীপঙ্করের পূর্বপুরুষ। তিনি তিব্বতে বৌদ্ধ ধর্মকে পুনরুজ্জীবিত করেছিলেন। দুজনেরই জন্ম বাংলাদেশের আধুনিক মুন্সীগঞ্জ জেলায়।

রাষ্ট্রদূত বলেন, ১৫ শতকের প্রথম দিকে বানারত্ন, যিনি বাংলাদেশে জন্মগ্রহণ করেছিলেন, তিনি ভুটান সফর করেছিলেন এবং সেখানে একটি বুদ্ধের মূর্তি ও একটি মঠ স্থাপন করেছিলেন। তিনি এখনো ওই রাজ্যের জনগণের কাছে সম্মানিত।

সাক্ষাৎকালে আরো উপস্থিত ছিলেন এসডিজিবিষয়ক সিনিয়র সচিব ও মুখ্য সমন্বয়ক লামিয়া মোরশেদ এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের মহাপরিচালক ইশরাত জাহান।

# Dhaka Tribune

17 October 2024

## Chief Adviser visits DU campus

STAFF CORRESPONDENT

Chief Adviser (CA) Professor Muhammad Yunus yesterday (Oct 16) visited Dhaka University (DU) -See Page 2

## Chief Adviser visits

campus to see the graffitis drawn by students during the July and August mass uprising.

During the vi.it, Law Adviser Prof Dr Asif Nazul, Youth and Sports Adviser Asif Mahmud Sojib Bhuiyan and Chief Adviser's Special Assistant Mahfuj Alam accompanied the Chief Adviser, among others.

# The Daily Observer

**17 October 2024**

## CA visits DU campus to see graffiti drawn by youths

Chief Adviser Dr Muhammad Yunus on Wednesday visited Dhaka University campus to see the graffiti drawn by young revolutionaries during the student-led mass uprising in July and August.

Law Adviser Dr Asif Nazrul, Chief Adviser's Special Assistant Mahfuj Alam, Information and Broadcasting Adviser Nahid Islam and Youth and Sports Adviser Asif Mahmud, among others, were present during the visit.

In previous occasions, Dr Yunus spoke about the historic significance of the graffiti, which depicted




Chief Adviser Professor Muhammad Yunus visits Dhaka University on Wednesday to look at graffiti created on the student-led mass uprising in July and August. PHOTO: PID

## CA visits

FROM PAGE 1

emotions, hope, and aspirations of the students and youth who participated in the protests.

Dhaka became the Graffiti capital after young painters turned its walls into powerful canvases. They wrote slogans and poetry to deliver powerful messages.

The messages reflect the spirit of the revolution and the aspirations for a discrimination-free Bangladesh. —UNB

# ভোরের ডাক

**১৭ অক্টোবর ২০২৪**



গতকাল বুধবার প্রধান উপদেষ্টা প্রফেসর মুহাম্মদ ইউনূস ঢাকা বিশ্ববিদ্যালয়ে দেয়ালে অঙ্কিত গ্রাফিতি চিত্র পরিদর্শন করেন —পিআইডি

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে হেঁটে হেঁটে গ্রাফিতি দেখলেন ড. ইউনূস

স্টাফ রিপোর্টার : জুলাই ও আগস্টে ছাত্র নেতৃত্বাধীন গণ-অভ্যুত্থানের সময় তরুণ বিপ্লবীদের আঁকা গ্রাফিতি দেখতে ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকা পরিদর্শন করেছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। গতকাল বুধবার দুপুরে প্রধান উপদেষ্টার ফেসবুক আইডিতে এক পোস্টে বিষয়টি জানানো হয়েছে। এ সময় উপস্থিত ছিলেন আইন উপদেষ্টা অধ্যাপক ড. আসিফ নজরুল, যুব ও ক্রীড়া উপদেষ্টা আসিফ মাহমুদ সজীব, তথ্য ও সম্প্রচার উপদেষ্টা নাহিদ ইসলাম, প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মাহফুজ আলম প্রমুখ।

ছাত্র-জনতার গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে স্বৈরাচার হাসিনা সরকারের পতনের পর গত ৮ আগস্ট ড.

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে হেঁটে

প্রথম পৃষ্ঠার পর : ক্ষমতায় আসে। এ সরকার এমন একটা সময়ে ক্ষমতায় এসেছে যখন দীর্ঘ স্বৈরশাসনে দেশের প্রতিষ্ঠানগুলো প্রায় ধ্বংস হয়ে গেছে। আইনশৃঙ্খলা ও বিচারব্যবস্থা ভেঙে পড়েছে। রাজনৈতিক পৃষ্ঠপোষকতায় লুটপাটে বিপর্যস্ত দেশের অর্থনীতিও। ভেঙে পড়া সেই প্রতিষ্ঠানগুলোর সংস্কার ও অর্থনীতিকে চাঙা করতে দিনরাত পরিশ্রম করতে হচ্ছে অন্তর্বর্তী সরকারকে। দায়িত্বগ্রহণের দুই মাস শেষ হয়েছে এই সরকারের। এর মধ্যে ছয়টি সংস্কার কমিশন গঠন করেছে তারা। জাতিসংঘ অধিবেশনে গিয়ে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. ইউনূস জো বাইডেনসহ বেশ কয়েকজন রাষ্ট্র ও সরকারপ্রধানের সঙ্গে বৈঠক করেছেন। বিদেশি বিনিয়োগ বৃদ্ধির